

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
আইন-১ অধিশাখা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)

উন্নয়নের গণতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র।

স্মারক নং-৪৬.০২০.০০৪.০১.০০.২১৫.২০১৭-১৫৮৮৮


তারিখঃ ২৭ জুলাই ২০১৭  
১২ শ্রাবণ ১৪২৪

বিষয় : রীট পিটিশন নং-৫৮১৪/২০১৭ বাদী জনাব মোছাঃ ফাহিমা বেগম, স্বামী- মোঃ নুরুল ইসলাম, গ্রাম-  
লোকশেরপুর (পশ্চিম পাড়া), থানা- শিবগঞ্জ, জেলা- বগুড়া -বনাম-সরকার ও অন্যান্য।

বগুড়া জেলা পরিষদ কর্তৃক ১১/৪/২০১৭ তারিখের নির্বাচনের সময়সূচী ঘোষণা এবং ২৫/৪/২০১৭ তারিখে  
অনুষ্ঠিত নির্বাচনকে চ্যালেঞ্জ করে রীট পিটিশন নং-৫৮১৪/২০১৭ দায়ের করা হয়েছে। মাননীয় আদালত  
০৮/০৬/২০১৭ তারিখ পর্যন্ত স্থগিত আদেশসহ রুল ইস্যুপূর্বক জবাব দাখিলের জন্য প্রতিপক্ষগণকে আদেশ  
দিয়েছেন। মাননীয় আদালতে মামলা প্রতিদ্বন্দ্বিতার লক্ষ্যে সরকারের পক্ষে ইংরেজিতে দফাওয়ারী জবাব দাখিল করা  
আবশ্যিক।

২। এমতাবস্থায়, সরকারী স্বার্থ বিবেচনায় রেখে ইংরেজিতে অনুচ্ছেদওয়ারী ঘটনার বিবরণী (Parawise  
statement of facts) প্রতি পাতায় স্বাক্ষরযুক্ত ও সংশ্লিষ্ট কাগজাদি সত্যায়িত সহকারে ২(দুই) সেট জরুরী  
ভিত্তিতে নিম্নস্বাক্ষরকারী বরাবরে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য, নির্ধারিত সময়ের মধ্যে  
জবাব প্রেরণ করা না হলে মাননীয় আদালত কর্তৃক আরোপিত দায়-দায়িত্ব তাঁর দপ্তরের সংশ্লিষ্টদের উপর বর্তাবে।

সংযুক্ত : রুলের কপি।

  
২৭.৭.১৭  
(মুহাম্মদ আনোয়ার পাশা)  
উপসচিব  
ফোন-৯৫৪০১৯৭

জেলা প্রশাসক  
বগুড়া।

অবগতি/ কার্যার্থে অনুলিপি :

- ১। উপসচিব (জেলা পরিষদ অধিশাখা) স্থানীয় সরকার বিভাগ। (দফাওয়ারী জবাব সংগ্রহের প্রয়োজনীয় ব্যবস্থা  
গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ২। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। অফিস কপি/ মাস্টার কপি।